



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/16/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো দুই সপ্তাহের জন্য রাজ্য ব্যাপী স্কুল বন্ধ রাখার জন্য একজিকিউটিভ অর্ডারে স্বাক্ষর করেছেন

180-দিনের নির্দেশনামূলক প্রয়োজনীয়তা সাময়িকভাবে মাফ করা হয়েছে

স্কুল ডিস্ট্রিক্টগুলিকে চাইল্ডকেয়ার এবং খাবার প্রোগ্রামের আকস্মিক ঘটনার ব্যবস্থা সহ রাজ্যকে তাদের পরিকল্পনা জমা দিতে হবে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ একটি একজিকিউটিভ অর্ডার স্বাক্ষর করেছেন এই মর্মে যে নিউ ইয়র্কের সকল স্কুল বুধবার, 18 মার্চ থেকে বন্ধ থাকবে দুই সপ্তাহের জন্য যা শেষ হবে এপ্রিল 1 অবধি।

সেই সময় রাজ্য পুনর্মূল্যায়ন করবে স্কুল বন্ধ রাখার সময় আরো বাড়ানো হবে কি না এবং 180 দিনের নির্দেশনামূলক প্রয়োজন স্থগিত রাখা হবে কিনা। যে সব স্কুল রাজ্যের অনুমোদন ছাড়া বন্ধ রাখার সময় সীমা অতিক্রম করবে, তাদের 180-দিনের নিয়ম থেকে অব্যাহতি দেওয়া হবে না।

এই ব্যবস্থা এই অসামান্য স্কুল বছরের জন্য রাজ্য জুড়ে নির্দেশনামূলক সময়ের সংগতি এবং সমরূপতা নিশ্চিত করবে।

"এই ভাইরাসের বিস্তার মন্ডর করার জন্য সব চেয়ে কার্যকর উপায় হল ঘনিষ্ঠ সংস্পর্শ কমানো, এবং তার মধ্যে আমাদের স্কুলগুলি অন্তর্ভুক্ত," **গভর্নর কুওমো বলেন।** "আমি দুই সপ্তাহ ধরে সারা রাজ্যের সমস্ত স্কুল বন্ধ রাখার নির্দেশ দিচ্ছি, যখন আমরা আক্রমণাত্মকভাবে পরীক্ষণ বাড়িয়ে চলেছি, যারা অসুস্থ তাদের বিচ্ছিন্ন করছি এবং এই ভাইরাসের প্রভাব প্রশমিত করছি। প্রতিটি জেলাকে স্বাস্থ্যসেবা কর্মীদের সন্তানদের এবং প্রথম প্রতিক্রিয়াকারীদের সন্তানদের শিশু পরিচর্যা অ্যাক্সেস পাওয়া নিশ্চিত করার জন্য একটি পরিকল্পনা জমা দিতে হবে যাতে এই বন্ধ হওয়ার ফলে আমাদের হাসপাতালগুলি চাপের মুখে না পরে এবং যে সব শিশুরা স্কুল মিল প্রোগ্রামের উপর নির্ভর করে তারা তাদের প্রয়োজনীয় সহায়তা পেতে থাকতে পারে।"

স্কুল জেলাগুলিকে বিকল্প নির্দেশনামূলক বিকল্পের জন্য একটি পরিকল্পনা গড়ে তুলতে হবে, যার মধ্যে দূরবর্তী শিক্ষণ; খাবার বিতরণ এবং প্রাপ্যতা; আর দিবসকালীন পরিচর্যা, যাতে প্রথম

প্রতিক্রিয়াকারী ও স্বাস্থ্যসেবা কর্মীদের সন্তানদের উপর জোর দেওয়া হবে। ওই পরিকল্পনাগুলি রাজ্য শিক্ষা দফতরের (State Education Department) কাছে জমা দিতে হবে, যারা সেই পরিকল্পনাগুলি সংশোধন বা পরিবর্তন করতে পারবেন রাজ্য স্বাস্থ্য দপ্তর (State Department of Health) এবং শিশু ও পরিবার পরিষেবা দপ্তরের (Office of Children and Family Services) সঙ্গে আলোচনা করে যে কোন সময়।

ওয়েস্টচেস্টার, নাসাউ, সাফোক এবং নিউ ইয়র্ক শহরের স্কুল জেলাগুলিকে প্রতিটি সংশ্লিষ্ট পৌরসভা থেকে আজ মধ্যরাতের মধ্যে অনুমোদনের জন্য রাজ্যের কাছে একটি পরিকল্পনা জমা দিতে হবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)